
দৈনিক
ইত্তেফাক

তারিখ 6 OCT 2009
পৃষ্ঠা ৩ কলাম ২




গতকাল শিক্ষক-কর্মচারী ফ্রন্ট আয়োজিত বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শোভাযাত্রা -ইত্তেফাক

### বিশ্ব শিক্ষক দিবস পালন

# শিক্ষা খাতে বিনিয়োগ বাড়ানোর দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গতকাল সোমবার জাতীয় শিক্ষক কর্মচারি ফ্রন্ট আয়োজিত সমাবেশে সংগঠনের প্রধান সমন্বয়কারী কাজী ফারুক আহমদ বলেন, মাধ্যমিক, বৃত্তিমূলক উচ্চ শিক্ষা সকল স্তরেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করতে হবে। তিনি শিক্ষাখাতে বিনিয়োগ বাড়ানোর দাবি জানান। এগারটি সংগঠন নিয়ে গঠিত জাতীয় শিক্ষক কর্মচারি ফ্রন্ট শিক্ষক দিবস উপলক্ষে ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন জেলায় কর্মসূচি পালন করে। রাজধানীর মুক্তাঙ্গনে আয়োজিত সমাবেশে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মো: আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আসাদুল হক, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী সভাপতি মো: আব্দুর রশীদ প্রমুখ ।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) দিবসটি উপলক্ষে শোভাযাত্রার আয়োজন করে। পরে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা ইউনেস্কোর সুপারিশমালা বাস্তবায়ন, শিক্ষাঙ্গনে দলীয়করণ বন্ধ, চাকরির নিশ্চয়তার দাবি জানান। সমাবেশে সংগঠনের সভাপতি মো: ইসহাক হোসেন, অধ্যক্ষ পরিষদের সাধারণ সম্পাদক হারুন অর রশীদ পাঠান, বাকশিস এর ভারপ্রাপ্ত মহা-সম্পাদক একে এম আব্দুল্লাহ, বাহারউদ্দিন বাহার, মজিবর রহমান, তোফাজ্জল হোসেন আখন্দ,এম এ মোনায়েম,মাকসুদা রেজা প্রমুখ বক্তব্য রাখেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল) আয়োজিত আলোচনা সভায় বলা হয়, ইউনেস্কো আইএলও আয়োজিত শিক্ষকদের পেশার প্রতি যে সম্মান দেখানো হয়েছে তা বাস্তবায়ন করতে হবে। পুরানাপল্টনের সংযুক্ত শ্রমিক ফেডারেশনের কার্যালয়ে আয়োজিত আলোচনা সভায় সংগঠনের সভাপতি মাজেদা বেগম, মহাসচিব নজরুল ইসলাম রনি, সিনিয়র সভাপতি মীর আব্দুল মালেক, মো: বাসির উদ্দিন একেএম আব্দুল কাদের ভূঁইয়া প্রমুখ বক্তব্য রাখেন। বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করে।- ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসব কর্মসূচির আয়োজন করা হয়। দুপুরে টিএসসিতে শোভাযাত্রা বের করা হয়। পরে সিনেট ভবনে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশ্ব শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. আকতারুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন-ড. মমতাজউদ্দিন পাটোয়ারী। এসময় এমএ আউয়াল সিদ্দিকী, অধ্যাপক এম এ বারী, রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ একেএম মুকসুদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।